

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-১ অধিশাখা
www.mohfw.gov.bd

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৯.১১.০১৫.১৮- ১৩

বিষয়ঃ ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি।

তারিখ : ২১ মার্চ ১৪২৫ বঙ্গাব্দ
০৩ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

সূত্রঃ মমেক/নিয়োগ/২০১৮/৫১৮৪ তারিখ-০৫/০৭/২০১৮ স্থিৎ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রেক্ষ স্মারকের পরিপ্রেক্ষিতে ময়মনসিংহ মেডিকেল কলেজের নিম্ন বর্ণিত ত্রয় শ্রেণির শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্রের মেয়াদ জিও জারির তারিখ হতে আগামী ০৬ (হয়) মাসের জন্য নির্দেশক্রমে বৃদ্ধি করা হলঃ

ক্রনং	পদের নাম	পদের সংখ্যা
০১	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	০৪ (চার)টি
	মোট	০৪ (চার)টি পদ

২। উল্লেখ্য যে, মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব) পদটি পদ সূজনের জিওতে অন্তর্ভুক্ত না থাকায় এবং আর্টিষ্ট পদটি বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ এর তফসিলে অন্তর্ভুক্ত না থাকায় ছাড়পত্র দেয়ার কোন সুযোগ নাই।

শর্তাবলী:

০১. সকল আনুষ্ঠানিকতা পালনসহ অনুমোদিত নিয়োগ বিধিমালা ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
০২. কেবল মৃত্যুজনিত ও অবসর জনিত কারণে অর্থাৎবিধি সম্মতভাবে পদ শূন্য হলে উক্ত শূন্য পদে জনবল নিয়োগ করা যাবে। আউট সোর্সিং এর মাধ্যমে প্রৱণযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
০৩. বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন- মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ এর তফসিলে অন্তর্ভুক্ত নেই, এমন কোন শূন্য পদে সরাসরি নিয়োগ প্রদান করা যাবে না;
০৪. পদোন্নতিযোগ্য শূন্য পদে সরাসরি নিয়োগ করা যাবে না;
০৫. রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃষ্টি কোন শূন্য পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের হালনাগাদ সংরক্ষণ আদেশ থাকতে হবে;
০৬. সরাসরি নিয়োগযোগ্য সকল শূন্য পদ সংশ্লিষ্ট সংস্থার অর্গানোগ্রাম ভুক্ত হতে হবে;
০৭. পদ সূজনের জিওতে বর্ণিত পদের বেতন গ্রেডের সঙ্গে বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৮ এর তফসিলে বর্ণিত সংশ্লিষ্ট বেতন গ্রেড সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
০৮. প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় এবং অন্যান্য তথ্যের কোন গরমিল/তারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে প্রস্তাবকারী কর্তৃপক্ষ/নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
০৯. বর্তমানে ছাড়কৃত ০৪ (চার) টি পদের মধ্যে যদি পূর্বে ছাড়কৃত কোন পদ জিওতে অন্তর্ভুক্ত থাকে এবং উক্ত পদের নিয়োগ কার্যক্রম চলমান থাকে ও উক্ত পদের বিরুদ্ধে কোন মামলা চলমান থাকে, সেসব পদে জনবল নিয়োগ করা যাবেনা;
১০. জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে।

ঐন্দ্ৰিঃ—

(মোহাম্মদ মোহসীন উদ্দিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৬০৫১

email-per1@mefwd.gov.bd

অধ্যক্ষ

ময়মনসিংহ মেডিকেল কলেজ

ময়মনসিংহ।

(অ:পঃদ্র:)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যোষ্ঠতার ক্রমানুষারে নথে)

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৫। সিটেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৭। যুগ্ম সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

০৩.০২.২০১৯
(মোহাম্মদ মোহসীন উদ্দিন)
উপসচিব